দৈনিক জনকণ্ঠ

NOV. 04 2007

তারিখ ... পৃষ্ঠা ১৪ কলাম ৬

# যৌন নিপীড়ক আমিনুলের ছাত্রত্ব বাতিল দাবিতে জাবি ক্যাম্পাসে মিছিল সমাবেশ

**জাবি সংবাদদাতা** ॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রী ও শাবি প্রবির শিক্ষককে যৌন নিপীড়নের ঘটনায় জড়িত যৌন নিপীড়ক আমিনুলের বিচারের সিদ্ধান্ত ডিসিপ্লিনারি কমিটির বৈঠকে নেয়া হবে। রবিবার অভিযুক্তের লিখিত স্বীকারোক্তি,শোকজের জবাব, এমএইচ হল প্রভোস্টের রিপোর্ট ও যৌন নিপীড়নের শিকার শিক্ষিকার অভিযোগের ভিত্তিতে প্রক্টর অধ্যাপক মজিবর রহমান একটি রিপোর্ট তৈরি করে ডিসিপ্লিনারি কমিটির সভাপতি উপাচার্য অধ্যাপক জসীম উদ্দিন আহমদের কাছে পাঠানো হয়েছে বলে প্রক্টর জানিয়েছেন। এদিকে ২/১ দিনের মধ্যে ডিসিপ্লিনারি কমিটির বৈঠক ডেকে যৌন নিপীড়ক আমিনুল হকের ছাত্রত্ব সার্টিফিকেট বাতিলসহ তার বিরুদ্ধে প্রশাসনের মামলা করার দাবি জানিয়ে রবিবারও নির্যাতন বিরোধী ছাত্রছাত্রীরা ক্যাম্পাসে মিছিল সমাবেশ করেছে।